Department of Education

# হাই স্কুল ট্র্যান্সক্রিপ্ট কীভাবে পড়তে হয়

শিক্ষার্থীর রেকর্ড স্কুল, শিক্ষার্থী এবং পরিবারসমূহকে প্রাতিষ্ঠানিক অগ্রগতির প্রতি লক্ষ্য রাখায় সহায়তা করে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (NYCDOE)-এর প্যারেন্টস বিল অভ রাইটস এবং স্টুডেন্টস বিল অভ রাইটস অনুযায়ী শিক্ষার্থী, সাবেক শিক্ষার্থী, তাদের পিতামাতা, এবং অভিভাবকমণ্ডলীর অধিকার আছে তাদের রেকর্ড দেখার ও কপি পাওয়ার। NYCDOE-এর অভ্যন্তরে, শিক্ষার্থীর সাথে এক স্কুল থেকে অন্য স্কুলে রেকর্ড স্থানান্তরিত হয়। রেকর্ড খোঁজা শুরু করার সেরা স্থান হলো শিক্ষার্থী সর্বশেষ যে স্কুলে ছিলো (বা আছে), সেটি থেকে। আরো তথ্যের জন্য, www.schools.nyc.gov/school-life/learning/student-records-and-transcripts -এই ওয়েবসাইট দেখুন।

## ট্র্যান্সক্রিপ্ট কী?

একটি ট্রান্সক্রিপ্ট হলো হাই স্কুল ক্রেডিট, চূড়ান্ত গ্রেড, এবং NYCDOE-এর নেওয়া সকল পরীক্ষার আনুষ্ঠানিক (অফিশিয়াল) পূর্ণাঙ্গ রেকর্ড। এটি শিক্ষার্থী হাই স্কুলে থাকাকালে যেসব কোর্স ও পরীক্ষাসমূহে অংশ নিয়েছে তা লিপিবদ্ধ করে।

দুইটি ভিন্ন ধারার ট্রান্সক্রিপ্ট আছে যা আপনি অনুরোধ করতে পারেন:

- “স্টুডেন্ট ট্রান্সক্রিপ্ট”-টি সাজানো হয়েছে বছর এবং টার্ম হিসেবে।
- "স্টুডেন্ট পার্মানেন্ট রেকর্ড" (শিক্ষার্থীর স্থায়ী রেকর্ড)-এ, অনুরূপ তথ্য থাকে, তবে সাজানো হয় পাঠ্য বিষয় অনুযায়ী।

"ট্রান্সক্রিপ্ট" হিসেবে আপনার স্কুল যেকোন সংস্করণটি বুঝতে পারে।

## ট্র্যান্সক্রিপ্ট কী উদ্দেশ্যে ব্যবহৃত হয়?

শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশনের পথে এগিয়ে নিতে কোন্ কোর্স ও পরীক্ষায় অংশ নিতে হবে, সেটা নির্ধারণ করতে NYCDOE ট্র্যান্সক্রিপ্টের তথ্য ব্যবহার করে। এছাড়াও আপনি হাই স্কুল পরবর্তী সুযোগের জন্যে আবেদন করতে ট্র্যান্সক্রিপ্ট ব্যবহার করতে পারেন, যেমন কলেজ, চাকুরী, অথবা মিলিটারি। আপনার ট্র্যান্সক্রিপ্ট হচ্ছে আপনি যে কোর্স ও পরীক্ষা সম্পন্ন করেছেন, আপনার গ্রেড এবং অ্যাকাডেমিক অর্জন, এবং আপনার হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়ার প্রমাণ।

## আমার ট্র্যান্সক্রিপ্টের একটি কপি আমি কীভাবে পেতে পারি?

আপনার স্কুলের আপনাকে অনানুষ্ঠানিক (আনঅফিশিয়াল) ট্র্যান্সক্রিপ্ট নিয়মিত প্রদান করা উচিত। এটা আপনাকে ট্র্যান্সক্রিপ্টের নির্ভুলতা যাচাই করা এবং অগ্রগতি নিয়ে প্রশ্ন করার সুযোগ দেবে। আপনার অনানুষ্ঠানিক (আনঅফিশিয়াল) ট্র্যান্সক্রিপ্টের কপি যদি না পেয়ে থাকেন, তবে আপনার স্কুল কাউন্সেলরের সাথে যোগাযোগ করুন। আপনি কপির জন্য যে কোন সময় অনুরোধ করতে পারেন।

যদি আপনার বয়স 18-এর কম হয়, তবে আপনার পিতামাতা অথবা অভিভাবকও স্কুল বছরের যেকোন সময় অনানুষ্ঠানিক (আনঅফিশিয়াল) ট্র্যান্সক্রিপ্টের কপির জন্য অনুরোধ করতে পারবেন।

যদি আপনি সাবেক শিক্ষার্থী হোন, তবে ট্র্যান্সক্রিপ্টের কপির জন্য আপনি শেষ যে স্কুলে পড়াশোনা করেছেন সেখানে আপনি অনুরোধ করতে পারেন।

## স্কুলে আমি কী প্রশ্ন করতে পারি?

- আমি কখন গ্র্যাজুয়েট হব বলে প্রত্যাশা করতে পারি?
- গ্র্যাজুয়েট হতে হলে আমাকে কোন্ ক্রেডিটগুলো বা পরীক্ষাগুলো সম্পন্ন করতে হবে?
- পরবর্তী টার্মে আমাকে কোন্ কোন্ কোর্স বা পরীক্ষা দিতে হবে?
- আমার ট্র্যান্সক্রিপ্টে আমি কীভাবে আমার নাম এবং লিঙ্গ পরিবর্তন করতে পারি।

## আপনি কি জানেন?

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুল গ্রাজুয়েট হতে প্রতিটি শিক্ষার্থীকে নির্দিষ্ট বিষয়গুলোতে অবশ্যই 44 ক্রেডিট অর্জন করতে এবং নির্দিষ্ট পরীক্ষাগুলোতে উত্তীর্ণ হতে হয়। গ্র্যাজুয়েশনের শর্তাবলী সম্পর্কে অনলাইনে আরো দেখুন www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements -ঠিকানায়। আপনার স্কুলেরও শিক্ষার্থী যে বছর নবম গ্রেডে ভর্তি হয়েছে, তার উপর ভিত্তি করে তৈরি করা গ্র্যাজুয়েশন শর্তাবলীর কার্ড আছে, যেখানে ক্রেডিট ও পরীক্ষার শর্তসমূহের রূপরেখা দেয়া আছে।

আপনার তাদের স্কুলের গ্রেডিং পলিসি (নম্বর-নীতি) সম্পর্কে লিখিত তথ্য লাভের অনুরোধ জানাবার অধিকার আছে। অ্যাকাডেমিক কর্মসম্পাদনা কীভাবে মূল্যায়ন করা হয় তা জানার জন্য স্কুলের গ্রেড প্রদানের নীতির (পলিসি) একটি কপি পেতে স্কুল কাউন্সেলরের সাথে যোগাযোগ করুন।

একটি NYC স্কুল অ্যাকাউন্ট পিতামাতা বা অভিভাবককে তাদের সন্তানের উপস্থিতি, গ্রেড, মূল্যায়ন এবং যোগাযোগের তথ্য কম্পিউটার, ফোন অথবা ট্যাবলেটে দশটি ভাষায় দেখার সুযোগ করে দেয়। আপনার যদি ইতিমধ্যে একটি NYC স্কুলস্ একাউন্ট থাকে, তাহলে লগ ইন করার জন্য http://mystudent.nyc -ওয়েবসাইট দেখুন। NYC স্কুলস্ একাউন্টে রেজিস্টার করতে, আপনার স্কুলে যেতে পারেন অথবা অনলাইনে www.schools.nyc.gov/school-life/support/nyc-schools-account-(nycsa) ওয়েবসাইট ভিজিট করতে পারেন।

**আমি কার কাছে সাহায্য চাইতে পারি?** স্কুল কাউন্সেলর অথবা প্রিন্সিপ্যালের সাথে নিম্নলিখিত বিষয়ে কথা বলুন:

- NYC-র গ্র্যাজুয়েশনের শর্তাবলী
- গ্র্যাজুয়েশনের পথে অগ্রগতি
- আপনার স্কুলের গ্রেড প্রদানের নীতি

T&I-29972 (Bengali/Bangla)

Department of Education

# কীভাবে "স্থায়ী রেকর্ড" পড়তে হবে

**STUDENT PERMANENT RECORD**
SCHOOL NAME

1

**Name / ID : STUDENT'S NAME / STUDENT ID NUMBER**
**Address :** STUDENT'S ADDRESS

**Ph# :** **Ofcl :** **Grade Level :** 10 **Status :** A
**Admit Date:** 07/01/2018 **Discharge Date :**
**DOB :** 04/21/2005 **Graduation Date :**
**Rank :** **Counselor : GONZALEZ**

**English / ENL / 1**

| 2 | 3 | 4 | 5 | 6 Actual Mark | 7 | 8 / 9 |
|---|---|---|---|---|---|---|
| 2018 / 1 | 02M972 | EES81 | ENGLISH 9 | 86 | BENSIGN | 1.00 / 1.00 |
| 2018 / 2 | 02M972 | EES82 | ENGLISH 9 | 84 | BENSIGN | 1.00 / 1.00 |

Subject Area : Actual Credits / Credits Earned : **2.00 / 2.00**
Subject Area Average : **85%** Credits Averaged : **2.00**

**Social Studies / 2**

| | | | | Actual Mark | | |
|---|---|---|---|---|---|---|
| 2018 / 1 | 02M972 | HGS41 | GLOBAL STUD 9 | 73 | LESSEIG | 1.00 / 1.00 |
| 2018 / 2 | 02M972 | HGS42 | GLOBAL STUD 9 | 60 | LESSEIG | 1.00 / 0.00 |
| 2018 / 7 | 02M972 | HGS42 | GLOBAL STUD 9 | 67 | LESSEIG | 1.00 / 1.00 |

Subject Area : Actual Credits / Credits Earned : **3.00 / 2.00**
Subject Area Average : **66.67%** Credits Averaged : **3.00**

**Mathematics / 3**

| | | | | Actual Mark | | |
|---|---|---|---|---|---|---|
| 2018 / 1 | 02M972 | MES21 | ALGEBRA I | 76 | HIGGINS | 1.00 / 1.00 |
| 2018 / 2 | 02M972 | MES22 | ALGEBRA I | 80 | HIGGINS | 1.00 / 1.00 |

Subject Area : Actual Credits / Credits Earned : **2.00 / 2.00**
Subject Area Average : **78%** Credits Averaged : **2.00**

**Sciences / 4**

| | | | | Actual Mark | | |
|---|---|---|---|---|---|---|
| 2018 / 1 | 02M972 | SLS21 | LIVING ENVIRON | 86 | LEWIS | 1.00 / 1.00 |
| 2018 / 1 | 02M972 | SLS21QL | LIV ENV LAB | P | LEWIS | 0.00 / 0.00 |
| 2018 / 2 | 02M972 | SLS22 | LIVING ENVIRON | 90 | LEWIS | 1.00 / 1.00 |
| 2018 / 2 | 02M972 | SLS22QL | LIV ENV LAB | P | LEWIS | 0.00 / 0.00 |

Subject Area : Actual Credits / Credits Earned : **2.00 / 2.00**
Subject Area Average : **88%** Credits Averaged : **2.00**

**Health/Physical Education / 8**

| | | | | Actual Mark | | |
|---|---|---|---|---|---|---|
| 2018 / 1 | 02M972 | PPS81 | PHYSICAL ED | 81 | FELDMAN | 0.50 / 0.50 |
| 2018 / 2 | 02M972 | PPS82 | PHYSICAL ED | 85 | FELDMAN | 0.50 / 0.50 |

Subject Area : Actual Credits / Credits Earned : **1.00 / 1.00**
Subject Area Average : **83%** Credits Averaged : **1.00**

10 **Exam Summary**

| | | | | |
|---|---|---|---|---|
| 2018 | Term 2 | SXRKE | LIV ENVIRO REG JUN | 80 |
| 2018 | Term 2 | MXREE | CC ALGEBRA I REG JUN | 68 |

Cumulative : Actual Credits / Credits Earned : **2.00 / 2.00**
11 Cumulative Average : **78%** Cumulative Credits Averaged : **2.00**

1. এই ঘরটিতে আছে **মৌলিক সনাক্তকারী ও যোগাযোগের তথ্য**। এসব তথ্যের কোনটি অশুদ্ধ হলে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।
2. কখন কোর্স নেয়া হয়েছিল, এই কলাম সেটার **স্কুল বছর ও টার্ম**-এর (2018/ Term 1) প্রতিনিধিত্ব করে। একটি টার্ম হলো কোর্সটির পূর্ণ কাল। শিক্ষার্থীরা চূড়ান্ত গ্রেড (প্রকৃত নম্বর/মার্ক) পাবে তাদের ট্রান্সক্রিপ্টে প্রতি টার্ম শেষ হবার পর।
3. এই কলামে আছে স্কুলের **"DBN"** বা **"ডিস্ট্রিক্ট/বরো/নাম্বার"** (02M972)। যে স্কুলে প্রতিটি কোর্স করা ও গ্রেড দেওয়া হয়, তার বর্ণনা থাকে এখানে। যখন শিক্ষার্থী NYCDOE-এর একটি স্কুল থেকে অন্যটিতে বদলি হয় বা NYCDOE-এর অন্য কোন স্কুলে কোর্স নেয়, সেক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে একাধিক DBN থাকবে।
4. এই কলামে আছে **কোর্সের কোড** (EES81), যা থেকে দেখা যায় কি শেখানো হয় এবং সেটি কীভাবে প্রদান করা হয়। NYCDOE-এর সকল স্কুল একই কোর্স কোড ব্যবহার করে।
5. এই কলামে আছে কোর্সের শিরোনাম, (ENGLISH 9), যা বর্ণনা দেয় প্রকৃতপক্ষে এই কোর্সে কী শেখানো হয়। কোর্স কোডের চেয়ে এর ব্যতিক্রম হলো, স্কুলগুলো তাদের কোর্সের নিজস্ব শিরোনাম দিতে পারে।
6. এই কলামে আছে শিক্ষার্থীর প্রকৃত নম্বর (86), বা এই কোর্সের চূড়ান্ত গ্রেড। স্কুলগুলো এক বা অধিক সংখ্যক গ্রেড পরিমাপক (যেমন A-F এবং 65-100) বেছে নিতে পারে। কিছু মার্ক, যেমন NX, NL, এবং NS শুধু বিরল পরিস্থিতিতে প্রদান করা হয়। কোন মার্ক সম্পর্কে প্রশ্ন থাকলে অথবা স্কুলের গ্রেডিং নীতির কপি পেতে চাইলে স্কুলের সাথৈ যোগাযোগ করুন।
7. এই কলামে আছে যিনি কোর্স পড়িয়েছেন ও চূড়ান্ত গ্রেড প্রদান করেছে, সে **শিক্ষকের নাম** (BENSIGN)।
8. এই কলামে **প্রতিটি কোর্স কত ক্রেডিট বহন করে** (1.00) সেটা দেয়া থাকে। কিছু কিছু কোর্স, যেমন সায়েন্স ল্যাব ও রিজেন্টস প্রেপ কোর্স, গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা দেয়, কিন্তু কোন ক্রেডিট হিসেবে গণ্য হয় না। এই কোর্সগুলো ট্রান্সক্রিপ্টে ০.০০ ক্রেডিট হিসেবে দেখানো হয়।
9. এই কলামে আছে প্রতিটি কোর্সের জন্য **শিক্ষার্থী কত ক্রেডিট অর্জন করে** (1.00) সেটা। শিক্ষার্থীরা যেসব কোর্সে পাশ করে শুধু সেগুলোতেই ক্রেডিট অর্জন করে। যেসব ক্রেডিটের জন্য চেষ্টা করেছিল ও যেসব ক্রেডিট অর্জন করেছে, তার একটি হিসাব আপনি দেখতে পাবেন প্রতিটি বিষয়ের এবং ট্রান্সক্রিপ্টের নিচে। যদি কোন শিক্ষার্থী আগে একটি কোর্সে অকৃতকার্য হয়ে থাকে, তাহলে চেষ্টা করা ক্রেডিটের চাইতে অর্জিত ক্রেডিটের সংখ্যা কম হবে। গ্র্যাজুয়েট হতে হলে নির্দিষ্ট কোর্সে শিক্ষার্থীদেরকে 44 ক্রেডিট অর্জন করতে হবে।
10. এই ঘরটি দেখায় শিক্ষার্থীর **রিজেন্টস পরীক্ষার স্কোর**। স্কুলগুলো অর্জিত সকল রিজেন্টস পরীক্ষার স্কোর না শুধু শ্রেষ্ঠ স্কোর প্রদর্শন করবে, সেটা স্কুল বেছে নিতে পারবে।
11. আপনার যদি **গ্রেডের ক্রমবর্ধিত গড়** কীভাবে নির্ণয় করা হয়, সে ব্যাপারে কোন প্রশ্ন থাকে তবে আপনার বর্তমান স্কুলের সাথে যোগাযোগ করুন।